



সূত্র : মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-৫২৬/ ৪৪০ (৮)

তারিখ : ০৭ ফাল্গুন ১৪৩০
২০ ফেব্রুয়ারি ২০২৪

২য় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি ড. উৎপল কুমার প্রধান মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগে সহযোগী অধ্যাপক পদে কর্মরত অবস্থায় University of Auckland, New Zealand-এ পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য বিগত ১৬/০৮/২০১৬ তারিখে ০১ বছরের শিক্ষা ছুটি নিয়ে New Zealand গমন করেন। পরবর্তীতে আপনার শিক্ষা ছুটির মেয়াদ পর্যায়ক্রমে ০২/০৬/২০২১ তারিখ পর্যন্ত বার্ষিক করা হয়। আপনি সর্বমোট ০৪ বছর ১০ মাস ১৭ দিন পূর্ণবেতনে শিক্ষা ছুটি ভোগ করেন; এবং

২. যেহেতু, আপনি শিক্ষা ছুটির মেয়াদ শেষ হওয়ার পর অতিমারী কোভিড- ১৯ এর কারণে দেশে ফিরতে পারছেননা উল্লেখ করে অর্জিত ছুটির আবেদন করলে বিশেষ বিবেচনায় আপনাকে ০৩/০৬/২০২১ তারিখ হতে ০২/১২/২০২১ তারিখ পর্যন্ত ০৬ মাস অর্জিত ছুটি মঞ্জুর করা হয় এবং এ ছুটি শেষে আপনাকে বিভাগের কর্তব্যকাজে যোগদান করতে বলা হয়; এবং

৩. যেহেতু, আপনি ছুটি শেষে কর্তব্যকাজে যোগদান না করে ০৩/১২/২০২১ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। কর্তব্যকাজে যোগদানের জন্য আপনাকে কয়েক দফা নির্দেশ দেয়ার পরও কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনার বিরুদ্ধে রজুকৃত বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীসহ ১০ অক্টোবর ২০২৩ তারিখে মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-৫২৬/২৭৩৫নং সূত্রে অভিযোগনামা জারী করতঃ ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথোপযুক্ত কারণ দর্শানোর জন্য আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় ডাকযোগে, ই-মেইল যোগে এবং দৈনিক কালের কণ্ঠ ও The New Nation পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে নির্দেশনা দেয়া সত্ত্বেও আপনি কোন জবাব দাখিল করেননি; এবং

৪. যেহেতু, আপনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য অনুরোধ করেননি, এমতাবস্থায় আপনার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায়বিচারের স্বার্থে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৭(৩) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য প্রফেসর ড. এ. আর. এম. সোলাইমান, প্রো-ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে আহবায়ক নিযুক্ত করে ০৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

৫. যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য গঠিত তদন্ত বোর্ডের ১৯/১২/২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন অনুযায়ী সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ২ (খ) এবং (চ) এর আলোকে আপনার বিরুদ্ধে অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনাকে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(৩) এর উপবিধি (খ) মোতাবেক কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে গুরুদণ্ড হিসেবে বিশ্ববিদ্যালয়ের চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service) করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

৬. যেহেতু, আপনি ড. উৎপল কুমার প্রধান, এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ২ (খ) এবং (চ) অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর ৪(৫)(ঘ) এর আলোকে বিধি ৪(৩) এর উপবিধি (ঘ) মোতাবেক কেন “চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal From Service)” দণ্ড প্রদান করা হবে না তার জবাব একই বিধিমালার বিধি ৭(৯) মোতাবেক অত্র নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর নিকট জানানোর জন্য নির্দেশ দেয়া হলো।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০২ (দুই) পাতা।

কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে-

(ড. মোহাম্মদ তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল।

প্রাপক-

ড. উৎপল কুমার প্রধান

সহযোগী অধ্যাপক

ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগ

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২।

e-mail: utpalftns@yahoo.com/

u.prodhan@auckland.ac.nz /

স্থায়ী ঠিকানাঃ

ড. উৎপল কুমার প্রধান

গ্রাম- খলসী

ডাকঘর- আফরা

উপজেলা- বাগেরহাট

জেলা- বাগেরহাট